

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার আবেদনপ্রক্রিয়া শুরু

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ০১ নভেম্বর ২০২৫, ১১:৩৮



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তি পরীক্ষার আবেদনপ্রক্রিয়া শুরু হয়েছে ২৯ অক্টোবর, বুধবার থেকে। আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ১৬ নভেম্বর।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ২০২০ থেকে ২০২৩ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২৫ সালের উচ্চমাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীদের মধ্যে যারা নির্ধারিত যোগ্যতার শর্ত পূরণ করেছেন, কেবল তারাই আবেদন করতে পারবেন।

**ইউনিটভিত্তিক যোগ্যতা**

**বিজ্ঞান ইউনিট:**

বিজ্ঞান ও কৃষিবিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক এবং মাদ্রাসা বোর্ডের বিজ্ঞান শাখার আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমমানের (৪র্থ বিষয়সহ) জিপিএ যোগফল ন্যূনতম ৮ হতে হবে। আলাদা করে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক

পরীক্ষা উভয়েই ন্যূনতম জিপিএ ৩.৫ থাকতে হবে। মানবিক ও বাণিজ্য শাখার শিক্ষার্থীরাও আবেদন করতে পারবেন; তাদের জন্য যোগফল ন্যূনতম ৭.৫ এবং আলাদা জিপিএ ন্যূনতম ৩.০।

### **কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট:**

উচ্চমাধ্যমিকের মানবিক শাখা ও মাদ্রাসা বোর্ডের সাধারণ শাখার আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের জিপিএ যোগফল ন্যূনতম ৭.৫ হতে হবে, আলাদা জিপিএ ৩। বিজ্ঞান বা বাণিজ্য শাখার শিক্ষার্থীরাও আবেদন করতে পারবে; যোগফল ও আলাদা জিপিএ শাখাভিত্তিক নির্ধারিত।

### **ব্যবসা শিক্ষা ইউনিট:**

ব্যবসায় শিক্ষা শাখা ও IGCSE/O Level, IAL/GCE A Level পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের জিপিএ যোগফল ন্যূনতম ৭.৫ এবং আলাদা জিপিএ ৩.০ থাকতে হবে। বিজ্ঞান ও মানবিক শাখার শিক্ষার্থীরাও আবেদন করতে পারবেন; যোগফল ও আলাদা জিপিএ শাখাভিত্তিক নির্ধারিত।

### **চারুকলা ইউনিট:**

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমমানের যেকোনো শাখার শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন। যোগফল ন্যূনতম ৬.৫ এবং আলাদা জিপিএ ৩।

### **আইবিএ ইউনিট:**

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৩.৫ এবং যোগফল ন্যূনতম ৮। IGCSE/O Level ও IAL/GCE A Level পরীক্ষায় অন্তত ৫টি ও ২টি বিষয়ে উত্তীর্ণ থাকতে হবে, যেখানে কমপক্ষে ২টি বিষয়ে A গ্রেড।

### **ভর্তি পরীক্ষার সময়সূচি**

- আইবিএ ইউনিট: ২৮ নভেম্বর, সকাল ১০টা-দুপুর ১২টা
- চারুকলা ইউনিট: ২৯ নভেম্বর, সকাল ১১টা-দুপুর ১২.৩০
- ব্যবসা শিক্ষা ইউনিট: ৬ ডিসেম্বর, সকাল ১১টা-দুপুর ১২.৩০
- কলা, আইন ও সামাজিক বিজ্ঞান ইউনিট: ১৩ ডিসেম্বর, সকাল ১১টা-দুপুর ১২.৩০
- বিজ্ঞান ইউনিট: ২০ ডিসেম্বর, সকাল ১১টা-দুপুর ১২.৩০

আবেদন ফি

আবেদন ফি ১,০৫০ টাকা। চারটি রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী, রূপালী) যেকোনো শাখা, অনলাইন ডেবিট/ ক্রেডিট কার্ড বা মোবাইল ফিন্যান্সিয়াল সেবা ব্যবহার করে জমা দিতে হবে।

#### পরীক্ষা কেন্দ্র

চারুকলা ও আইবিএ ইউনিট ব্যতীত অন্যান্য তিন ইউনিটের পরীক্ষা ঢাকাসহ আটটি বিভাগীয় শহরে অনুষ্ঠিত হবে: রাজশাহী, চট্টগ্রাম, বরিশাল, খুলনা, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ/কবি নজরুল বিশ্ববিদ্যালয় ত্রিশাল, এবং বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়।

#### পরীক্ষা কাঠামো

চারুকলা ইউনিট ছাড়া অন্যান্য ইউনিটে ৬০ নম্বরের এমসিকিউ এবং ৪০ নম্বরের লিখিত পরীক্ষা হবে। চারুকলায় ৪০ নম্বরের এমসিকিউ এবং ৬০ নম্বর অঙ্কন পরীক্ষা নেওয়া হবে। অন্যান্য ইউনিটের এমসিকিউ সময় ৪৫ মিনিট, লিখিত পরীক্ষা ৪৫ মিনিট। চারুকলা ইউনিটের এমসিকিউ ৩০ মিনিট, লিখিত ৬০ মিনিট। ভর্তি পরীক্ষায় সর্বমোট ১২০ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন হবে, যার মধ্যে ১০০ নম্বর পরীক্ষা এবং ২০ নম্বর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমমানের ফলাফলের ওপর।